আমার সংবাদ
শুক্রবার ৭ ফেব্রুয়ারি ২০২০

# ইউনাইটেড ইন্টার. ইউনিভার্সিটির ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক ▶▶

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়টির মাদানি এভিনিউ ক্যাম্পাসে সমাবর্তনটি অনুষ্ঠিত হয়। এতে ২৩৫২ জন শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন ও পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি প্রদান করা হয়। একই সাথে কৃতিত্বপূর্ণ ফলের জন্য ৪ জন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়। সমাবর্তনে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। সভাপতির বক্তব্যে তিনি বলেন, জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও ডিজিটাল

● এরপর পৃষ্ঠা ২ কলাম ৬

বাংলাদেশ গড়তে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে অধিকতর কার্যকর ভূমিকা পালন করতে হবে। একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলা ও চতুর্থ শিল্প বিপ্লবের জন্য উপযোগী জ্ঞান, কর্ম জগতের চাহিদা অনুযায়ী দক্ষতা এবং সাফল্যের জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন মানবসম্পদ গড়ে তুলতে হবে।

শিক্ষার্থীদের কল্যাণমুখী ও প্রায়োগিক গবেষণা করতে উৎসাহী করতে উল্লেখ করে মন্ত্রী বলেন, যেন দেশ গঠনে তারা ভূমিকা পালন করতে পারে। বিশ্ববিদ্যালয়গুলোকে এক্ষেত্রে যথাযথ ভূমিকা পালন করতে হবে। দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে সমন্বিত ভর্তিপরীক্ষা নেয়ার চেষ্টা চলছে জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, ভর্তিপরীক্ষার সময় প্রতিবছরই নানা রকম ভোগান্তির শিকার হয় ভর্তিচ্ছুরা। তাদের ভোগান্তি লাঘবের জন্য আমরা সমন্বিত ভর্তিপরীক্ষা গ্রহণের উদ্যোগ নিয়েছি। এতে শিক্ষার্থীদের ভোগান্তি লাঘবের পাশাপাশি অর্থ সাশ্রয় হবে। একই সাথে বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষক নিয়োগের জন্য নীতিমালা করে দেয়া হয়েছে বলেও জানান তিনি।

ডা. দীপু মনি বলেন, শিক্ষার্থীদের এমনভাবে গড়ে তুলতে হবে যেনো তারা সামাজিক, রাজনৈতিক এবং সাংস্কৃতিক পরিমণ্ডলে সমৃদ্ধ হয়ে উঠতে পারে। তাহলে শিক্ষার প্রকৃত তাৎপর্য তারা বুঝতে পারবে। গ্র্যাজুয়েটদের চাকরির দিকে না ঝুঁকে উদ্যোক্তা হওয়ার প্রতিও গুরুত্বারোপ করেন মন্ত্রী। তিনি বলেন, তরুণ গ্র্যাজুয়েটদের ঝুঁকি নিতে হবে। এ জন্য যুগের চাহিদা বুঝে কারিগরি দিক দিয়ে দক্ষ হতে হবে। মন্ত্রী বলেন, উচ্চশিক্ষার উদ্দেশ্য তখনই পূর্ণ হবে যখন সততার সাথে জীবন অতিবাহিত করার পাশাপাশি দেশের প্রতি দায়িত্ব পালন করবে। এছাড়া নিজেদের তৈরি করার জন্য বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত হতে হবে। তিনি বঙ্গবন্ধুর উপর লেখা বইগুলো শিক্ষার্থীদের পড়ার জন্য অনুরোধ করেন।

সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্কবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. গওহর রিজভী। তিনি গ্র্যাজুয়েটদের নীতিবান মানুষ হওয়ার প্রতি গুরুত্বারোপ করে বলেন, সময় এবং সুযোগ কাজে লাগাতে হবে। শিক্ষাপ্রতিষ্ঠান শুধু শিক্ষা দেয় না, জীবন চলার পথও দেখায়। শিক্ষাপ্রতিষ্ঠান ও শিক্ষকরা পথ প্রদর্শক হয়ে কাজ করেন। তিনি বলেন, অর্জিত জ্ঞান শুধু সার্টিফিকেট লাভের উদ্দেশ্যে সীমাবদ্ধ না রেখে দেশ এবং জাতির সেবায় আত্মনিয়োগ করতে হবে। সমাবর্তন অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা, বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান, প্রো ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. হাসনান আহমেদ।